

কালের কাণ্ড



প্রেসক্লাবের সামনে শিক্ষকদের অবস্থান কর্মসূচি।

এমপিওর দাবিতে তৃতীয় দিনের মতো অবস্থান প্রধানমন্ত্রীকে আজ স্মারকলিপি দেবেন শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক >

এমপিওভুক্তির দাবিতে আজ বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের উদ্দেশে পদযাত্রা করে স্মারকলিপি প্রদানের ঘোষণা দিয়েছে নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ফেডারেশন। গতকাল বুধবার জাতীয় প্রেসক্লাবের সামনে তৃতীয় দিনের মতো অবস্থান কর্মসূচি পালন শেষে এই নতুন কর্মসূচির ঘোষণা দেওয়া হয়।

গতকাল সকাল ১০টা থেকেই প্রেসক্লাবের সামনের রাস্তার একাংশ দখল করে বসে পড়েন শিক্ষকরা। বিকেল ৪টা পর্যন্ত অবস্থান করে তারা কর্মসূচি ঘোষণা করেন। নতুন কর্মসূচির কথা জানিয়ে ফেডারেশনের সভাপতি অধ্যক্ষ এশরত আলী গতকাল সন্ধ্যায় কালের কণ্ঠকে বলেন, 'কাল (আজ বৃহস্পতিবার) সকাল ১০টা থেকে আমরা আবারও প্রেসক্লাবের সামনে অবস্থান নেব। এরপর দুপুর ১২টার দিকে সব শিক্ষক মিলে স্মারকলিপি নিয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অভিমুখে যাত্রা করব। যদি এর পরও কোনো ফল না পাই, তাহলে আমাদের আরো কঠোর কর্মসূচিতে যাওয়ার পরিকল্পনা রয়েছে।'

অবস্থান কর্মসূচিতে ফেডারেশনের সভাপতি বলেন, 'এবার এমপিও নিয়েই ঘরে ফিরব। এটা শুধু আমার প্রতিজ্ঞা নয়, আন্দোলনে আসা সব শিক্ষকের প্রতিজ্ঞা। আজকের কর্মসূচিতেও পুলিশ কয়েক দফা বাধা দেওয়ার চেষ্টা করেছে। কিন্তু আমরা শান্তিপূর্ণভাবে অবস্থান নিয়েছি। হুমকি আর বাধা দিয়ে আমাদের আন্দোলনকে দমানো যাবে না।'

সংগঠনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ তাপস কুমার কুণ্ড বলেন, 'নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠানের প্রায় এক লাখ ২০ হাজার শিক্ষক-কর্মচারী ১০ থেকে ১৫ বছর ধরে বিনা বেতনে চাকরি করায় তাঁদের মানবতর জীবন যাপন করতে হচ্ছে। পাঁচ বছর ধরে আন্দোলন চললেও সরকার আমাদের দাবি বাস্তবায়ন করছে না। সরকারের নির্বাচনী প্রতিশ্রুতি ছিল প্রতিটি ঘরে একজন করে চাকরি দেওয়ার। এসব শিক্ষাপ্রতিষ্ঠান এমপিওভুক্ত করা হলে সরকারের প্রতিশ্রুতি কিছুটা হলেও বাস্তবায়িত হতো।'

অর্থপ্রাপ্তি সাপেক্ষে এমপিও দেওয়া হবে-শিক্ষামন্ত্রীর এমন বক্তব্যের প্রতিবাদ জানান দেশের বিভিন্ন জেলা থেকে আসা শিক্ষকরা।

চিত্র : কালের কণ্ঠ